# মোঃ মনিরুজ্জামান মনির

**কাউন্সিলর-১৪নং ওয়ার্ড নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন**

কার্যালয়ঃ- ১২০/৩, আলী আহাম্মদ চুনকা সড়ক, দেওভোগ, নারায়ণগঞ্জ।


স্মারক নং-

তারিখঃ- ১৬/০২/২৪

## সভার নোটিশ

**বিষয়ঃ ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC)'র সভা প্রসঙ্গে।**

উপযুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৯/০২/২০২৪ খ্রি. তারিখে সকাল ১১.০০ ঘটিকায় সম্মানিত ১৪ নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়ে (WLCC)'র সভা আয়োজন করা হয়েছে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থেকে আপনার মূল্যবান বক্তব্য প্রদানের জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য বিষয়ঃ-** ১। গত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।

২। অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা প্রসঙ্গে।

৩। টিসিবি কার্যক্রম প্রসঙ্গে।

৪। অভিযোগ প্রতিকার ব্যবস্থা অবহিতকরন।

৫। বিবিধ।

শুভেচ্ছান্তে,

মোঃ মনিরুজ্জামান মনির
কাউন্সিলর-১৪নং ওয়ার্ড
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
নারায়ণগঞ্জ।

# ১৪ নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়

১২০/৩, আলী আহাম্মদ চুনকা সড়ক,দেওভোগ, নারায়ণগঞ্জ

www.ncc.gov.bd

## ১৪ নং (WLCC)'র ত্রৈমাসিক সভার কার্য বিবরনী

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোঃ মনিরুজ্জামান মনির<br>কাউন্সিলর, ওয়ার্ড নং- ১৪<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ওয়ার্ড নং | : ১৪ |
| সভার তারিখ | : ১৯/০২/২০২৪ খ্রি. |
| সভার সময় | : সকাল ১১.০০ ঘটিকায়। |
| সভার স্থান | : ওয়ার্ড কাউন্সিলর কার্যালয়। |

**সভার উপস্থিতি তালিকা সংযোজনী "ক"তে সংযুক্ত ঃ**

সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে WLCC'র সভাপতি ও ১৪ নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ অহিদুল ইসলাম, কমিটির সদস্য সচিব জনাব মোঃ ইমরান হোসেন জিসান কে আলোচ্যসূচী অনুযায়ী সভা শুরু করার জন্য অনুমতি প্রদান করেন।

**আলোচ্যসূচী- ১** : গত সভার কার্য বিবরনী পাঠ ও অনুমোদন।

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন । | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব মোঃ ইমরান হোসেন জিসান পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন। | কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সবসম্মতিক্রমে অনুমোদিত হয়। | ১৪ নং (WLCC)'র কমিটি। |

আলোচ্যসূচী-২ : অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা প্রসঙ্গে।

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা প্রসঙ্গে আলোচনা। | ১৪ নং ওয়ার্ডে WLCC'র সদস্য সচিব জনাব মোঃ ইমরান হোসেন জিসান অত্র ওয়ার্ডের অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা বা উপস্থাপনের জন্য সবাইকে অনুরোধ জানান। উপস্থিত সদস্যগন যে সকল দাবী পেশ করেন তা নিম্নরুপ,<br><br>১। আল্লামা ইকবাল রোড নির্মাণ।<br>২। মোঃ রফিউদ্দিনের বাড়ী থেকে বাজনা পাড়া মসজিদ পর্যন্ত রাস্তা মেরামত ও ড্রেন গভির।<br>৩। আলী আহাম্মদ চুনকা সড়ক কানন সাহেবের বাড়ী থেকে গোপাল পাড়া কেশব সাহেবের বাড়ী পর্যন্ত এবং নতুন পালপাড়া দূর্গা মন্দির থেকে আমিনুল সাহেবের বাড়ী পর্যন্ত রাস্তা মেরামত ও লাইট স্থাপন।<br>৪। কৃষ্ণচুড়া থেকে দেওভোগ পানির ট্যাংকি পর্যন্ত রাস্তা মেরামত।<br>৫। উকিল পাড়া রেল লাইন থেকে ডিস ব্যবসায়ী মাসুম ভাইয়ের বাড়ী পর্যন্ত ড্রেন গভির। এলাকার নতুন পানির ট্যাংকির পাশে (মহুয়া সিটি প্লাজা) কমিউনিটি সেন্টার নির্মাণ। | ১৪ নং ওর্য়ার্ডে যে যে প্রকল্পগুলো চলমান রয়েছে সেগুলো দ্রুত বাস্তবায়নের সুপারিশ জানিয়ে মেয়র,নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

আলোচ্যসূচী-৪: টিসিবি কার্যক্রম পসঙ্গে।

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| টিসিবি কার্যক্রম পসঙ্গে আলোচনা। | টিসিবি কার্যক্রম নিয়ে আলোচনা করেন, নাজিরুল ইসলাম (কমিউনিটি কর্মী, নারায়ণগঞ্জ সিটি কপোরেশন)। তিনি সভাকে জানান যে, স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষে নিম্ন আয়ের মানুষের জন্য ভর্তুকী মূল্যে সরকার নিত্য প্রয়োজনীয় দ্রব্য বিক্রয় করছে। এ সব পন্য স্মার্ট কার্ডের মাধ্যমে বিক্রয় করতে হবে। সে জন্য পরিবারের (যেকোনো একজনের) ১১ টি তথ্য সরবরাহ করতে হবে। তিনি দ্রুততম সময়ের মধ্যে প্রয়োজনীয় তথ্য দাখিলের অনুরোধ জানান। ১৪ নং ওয়ার্ডে সর্বমোট বরাদ্দকৃত কার্ডের সংখ্যা- ৪৯৬৮ টি। এবং এখন পর্যন্ত সঠিক তথ্য পাওয়া গেছে- ২৬২৬ টি। | মার্চ ২০২৪ সালের মধ্যে টিসিবি"র স্মার্ট কার্ডের প্রয়োজনীয় তথ্য দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১৪ নং (WLCC)'র কমিটি। |

আলোচ্যসূচী-৫: অভিযোগ প্রতিকার ব্যবস্থা অবহিতকরন।

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| অভিযোগ প্রতিকার ব্যবস্থা অবহিতকরন প্রসঙ্গে আলোচনা। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে ১৪ নং WLCC এর সদস্য সচিব জনাব মোঃ ইমরান হোসেন জিসান জানান যে, জনগনের নিকট সরকারি দপ্তরের জবাব দিহিতা নিশ্চত করন,সেবার মানোন্নয়ন ও সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে সরকার অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ (পরিমার্জিত-২০১৮) প্রনয়ন করছে। যার প্রেক্ষিতে, যে কোন নাগরিক সেবা প্রদান পদ্ধতি,আভ্যন্তরীন সেবা বা নাগরিক অধিকার বিষয়ে অভিযোগ দায়ের করতে পারবেন। এ সকল | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের এ কার্যক্রম গ্রহনের জন্য উপস্থিত সকল সদস্য কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান এবং প্রত্যেকে | ১৪ নং (WLCC)'র কমিটি। |

| | | | |
|---|---|---|---|
| | অভিযোগ নিষ্পত্তির জন্য নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন জনাব, মোহাম্মাদ মঈনুল ইসলাম নগর পরিকল্পনাবিদ কে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) এবং প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয় কে আপিল কর্মকর্তা হিসাবে নিয়োগ প্রদান করছে। যার প্রেক্ষিতে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ওয়েব সাইটে অনলাইনে নিদিষ্ট ফরমে অভিযোগ দাখিলের ব্যবস্থা রাখা হয়েছে। এছাড়াও, যে কোন নাগরিক সেবা প্রদান পদ্ধতি ও সুশাসন সংশ্লিষ্ট বিষয়ে লিখিত অভিযোগ দাখিল করতে পারবেন। জনাব মোঃ ইমরান হোসেন জিসান উপস্থিত সবাইকে যৌক্তিক অভিযোগ দাখিলের মাধ্যমে সেবার মানোন্নয়ন এবং উক্ত বিষয়টি প্রচারের অনুরোধ জানান। | স্ব-স্ব অবস্থান হতে সেবার মানোন্নয়নে প্রয়োজনীয় পরামর্শ ও অভিযোগ জানাবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

**আলোচ্যসূচী-৫: বিবিধ।**

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| মাদক নিয়ন্ত্রন প্রসঙ্গে। | ১৪ নং (WLCC)'র সদস্য জনাব হরিপদ বিশ্বাস বলেন, আমাদের ওয়ার্ডে মাদকের বিস্তার দিন দিন বেড়েই চলেছে। এতে করে যুবক সমাজ ধ্বংসের দিকে যাচ্ছে। তায় তিনি মাদক নিয়ন্ত্রনের দাবী জানান। | ১৪ নং ওয়ার্ডের মাদক নিয়ন্ত্রনের সিদ্ধান্ত সভায় উপস্থিত সবার সম্মতি ক্রমে গৃহীত হয়। | ১৪ নং (WLCC)'র কমিটি। |

(জনাব মোঃ মনিরুজ্জামান মনির)
চেয়ারপার্সন, ১৪ নং WLCC
ও
কাউন্সিলর, ১৪ নং ওয়ার্ড
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
মোবাইল ঃ ০১৬৭৩৪৮০০১৩

# সংযোজনী-ক

## ১৪ নং ওয়ার্ডের WLCC সভার সদস্যদের হাজিরার তালিকা।

তারিখঃ ১৯/০২/২৪

| ক্র.নং | নাম | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ মনিরুজ্জামান মনির | সভাপতি | মনিরুজ্জামান |
| ০২ | জনাব শারমিন হাবিব বিন্নী | সহ-সভাপতি | |
| ০৩ | জনাব মোঃ মহিউদ্দিন আহাম্মেদ | সদস্য | মহিউদ্দিন |
| ০৪ | জনাব হরিপদ বিশ্বাস | সদস্য | হরিপদ |
| ০৫ | এ্যাড.আহসানুল করিম চৌধুরী (বাবুল) | সদস্য | A. Karim |
| ০৬ | হাজী সোলাইমান মিয়া | সদস্য | Haji Solaiman |
| ০৭ | হাজী বাদল | সদস্য | বাদল হোসেন |
| ০৮ | জনাব মশিউর রহমান হুমায়ূন | সদস্য | Humayon |
| ০৯ | হাজী আব্দুর রব খোকন (রনি) | সদস্য | মো: রনি |
| ১০ | জনাব সাঈদ আহাম্মেদ স্বপন | সদস্য | Sapon |

| ক্র.নং | নাম | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১১ | জনাব রুবেল ইসলাম | সদস্য | Rubel |
| ১২ | জনাব মোঃ আজিজুল ইসলাম দিনার | সদস্য | Dinar |
| ১৩ | জনাব মোঃ মতিউর রহমান মুন্না | সদস্য | Munna |
| ১৪ | জনাব আছিয়া খানম সুমি | সদস্য | সুমি |
| ১৫ | জনাব হ্যাপি আক্তার | সদস্য | হ্যাপি আক্তার |
| ১৬ | বীর মুক্তিযোদ্ধা দীন ইসলাম মিয়া | সদস্য | দীন ইসলাম |
| ১৭ | জনাব মোঃ সম্রাট | সদস্য | সরদার সম্রাট হোসেন |
| ১৮ | জনাব মোঃ ইমরান হোসেন জিসান | সদস্য সচিব | [illegible] |